পিতামাতা ও অভিভাবকদের জন্য তথ্য

# জন্মগত গুরুতর হার্টের রোগের (Critical Congenital Heart Disease, CCHD) জন্য পালস অক্সিমিট্রি স্ক্রিনিং

### কম ফলাফলের মানে কী?

## CCHD কী?

জন্মগত গুরুতর হার্টের রোগ (Critical Congenital Heart Disease, CCHD) হলো একটি শারীরিক সমস্যা। যখন কোনও বাচ্চার হার্ট বা হার্টের কাছে থাকা প্রধান রক্তবাহ সঠিকভাবে গঠিত হয় না তখন এই সমস্যা হয়। হার্ট ঠিকমতো কাজ নাও করতে পারে এবং রক্তে পর্যাপ্ত অক্সিজেন নাও থাকতে পারে।



## পালস অক্সিমিট্রি কী?

পালস অক্সিমিট্রি, কখনও কখনও পালস অক্স-ও বলা হয়, বাচ্চাদের CCHD স্ক্রিনিংয়ের জন্য ব্যবহার করা হয়। পালস অক্সিমিট্রি হলো বাচ্চার রক্তে অক্সিজেনের পরিমাণ ও হৃদস্পন্দন নির্ধারণ করার একটি পরীক্ষা। রক্তে অক্সিজেনের মাত্রা কম মানে হার্টের যেমন কাজ করা উচিত তেমন কাজ করছে না এমন হতে পারে। New York State হওয়া প্রতিটি বাচ্চার জন্মের 24 ঘণ্টা পর পালস অক্সিমিট্রি পরীক্ষা করাতে হবে।

## আপনার বাচ্চার পালস অক্সিমিট্রি কম, এখন কী করবেন?

কিছু বাচ্চার অক্সিজেনের মাত্রার রিডিং কম থাকবে। CCHD-এর জন্য আরও পরীক্ষা, যেমন হার্টের আল্ট্রাসাউন্ড (ইকোকার্ডিওগ্রাম বা হার্ট ইকোও বলা হয়), ইলেক্টোকার্ডিওগ্রাম (electrocardiogram, EKG), এক্স-রে করাতে হবে কিনা তা আপনার ডাক্তার ঠিক করবেন। আপনার ডাক্তার আপনার বাচ্চাকে শিশু হার্ট স্পেশালিস্টের (কার্ডিওলজিস্ট) কাছে এবং সম্ভাব্য অন্য স্পেশালিস্টদের কাছে পাঠাতে পারেন। অক্সিজেনের রিডিং কম মানেই এই নয় যে আপনার বাচ্চার CCHD আছে। কিছু সুস্থ বাচ্চারও পালস অক্সিমিট্রি রিডিং কম থাকতে পারে কারণ জন্মের পর তাদের হৃদপিন্ড ও ফুসফুস তখনও সামঞ্জস্য করছে। এছাড়াও অন্য কারণে আপনার বাচ্চার অক্সিমিট্রি পরীক্ষার ফলাফল কম হতে পারে।

## আপনার বাচ্চার CCHD থাকলে কী হবে?

CCHD এর অনেক চিকিৎসা থাকলেও ওষুধ, অস্ত্রোপচারও এর মধ্যে অন্তর্ভুক্ত। আপনার বাচ্চার চিকিৎসা দল চিকিৎসার সুপারিশ করবেন এবং অন্যান্য স্পেশালিস্টদের সঙ্গে বিকল্প নিয়ে আলোচনা করবেন। CCHD থাকা বাচ্চাদের এইসব হতে পারে: ত্বকের বা ঠোঁটের নীল রঙ, শ্বাস নেয়ার সময় ঘোঁৎ ঘোঁৎ শব্দ, দ্রুত শ্বাসপ্রশ্বাস, খেতে না চাওয়া, খুব অনিদ্রা এবং ওজন না বাড়া। আপনি যদি আপনার বাচ্চার মধ্যে এইসব লক্ষণের কোনও একটি দেখতে পান, তাহলে কী করতে হবে তার জন্য ডাক্তারের সঙ্গে যোগাযোগ করুন। যদি এইসব লক্ষণ নতুন হয়, তাহলে অবিলম্বে আপনার শিশুর ডাক্তারকে ফোন করুন।

## জন্মগত হার্টের সমস্যা সম্পর্কে পরিবারবর্গের জন্য অতিরিক্ত সম্পদ

**আমেরিকান হার্ট অ্যাসোসিয়েশন:**
https://www.heart.org/en/health-topics/congenital-heart-defects

**রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের ন্যাশানাল সেন্টার অন বার্থ ডিফেক্ট অ্যান্ড ডেভেলপমেন্ট ডিজাবিলিটিজ:**
www.cdc.gov/ncbddd/heartdefects/index.html

**New York State Department of Health**
www.health.ny.gov/diseases/congenital_malformations/cmrhome.htm